SEP. 24 2002



*ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ (মাঝে) গতকাল দায়িত্বভার গ্রহণ করেছেন। তার বাঁয়ে উপ-উপাচার্য অধ্যাপক আফম ইউসুফ হায়দার ও ডানে পদত্যাগী উপাচার্য অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী* -যুগান্তর

# অধ্যাপক ফায়েজ ঢাকা ভার্সিটির নতুন ভিসি

## ‘এখন থেকে হবে লেখাপড়ার আন্দোলন ফিরিয়ে আনা হবে শিক্ষার পরিবেশ’

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হয়েছেন মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক এসএমএ ফায়েজ। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ গতকাল অধ্যাপক ফায়েজকে উপাচার্য হিসাবে নিয়োগ দেন। দুপুরে নিয়োগপত্র পাওয়ার পরপরই তিনি ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আফম ইউসুফ হায়দারের কাছ থেকে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পর নতুন উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ সাংবাদিকদের বলেন, এখন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে হবে লেখাপড়ার আন্দোলন। ভিসি : পৃষ্ঠা : ১১ কলাম : ২

## ভিসি : অধ্যাপক ফায়েজ

(১ম পৃষ্ঠার পর)

আমার আকাঙ্ক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানে উন্নীত করা, যেন প্রতিযোগিতাময় বিশ্বে মেধার লড়াইয়ে আমাদের ছাত্রছাত্রীরা টিকে থাকতে পারে। তিনি আশা প্রকাশ করেন, বিশ্ববিদ্যালয় খোলার পর থেকেই শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে। গত ২৩ জুলাই শামসুন্নাহার হলের দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করে গড়ে ওঠা প্রবল ছাত্র আন্দোলনের মুখে ৩১ জুলাই তৎকালীন উপাচার্য অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরীর পদত্যাগের ৫৪ দিনের মাথায় তিনি এ দায়িত্বভার গ্রহণ করলেন। বিশ্ববিদ্যালয়ের